

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 30-12-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্য সরকার ও উত্তরাখন্ড সরকারের পক্ষ থেকে দেবাদুনে নিহত ছাত্র এঞ্জেল চাকমার পরিবারকে আর্থিক সহায়তা করা হয়েছে।
- (২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বর্তমানে ১ লক্ষ ৮ হাজার লাখপতি দিদি রয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত ব্যাপক সংস্কারের মাধ্যমে বিশ্বব্যাপী নজর কেড়েছে।
- (৪) প্রয়াত হলেন বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া।
- (৫) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় মহিলা ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করেছেন।

\*\*\*\*\*

**Pushkar Singh Dhami :**

রাজ্যের মেধাবী ছাত্র এঞ্জেল চাকমার হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির আশ্বাস দিয়েছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। সম্প্রতি দেবাদুনে দুষ্কৃতিকারীদের হাতে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী শ্রী ধামি এঞ্জেল চাকমার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ও তার শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি আশ্বাস দিয়েছেন, এই ঘটনায় জড়িত কাউকেই রেহাই দেওয়া হবে না। ইতিমধ্যে ৫ জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে এবং বাকি পলাতক অভিযুক্তের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। তিনি জানান, ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও এঞ্জেল চাকমার বাবার সঙ্গে তিনি নিয়মিত যোগাযোগ

রাখছেন। এঞ্জেল চাকমার পরিবারকে উত্তরাখন্ড সরকারের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদানের কথাও তিনি উল্লেখ করেন।

#####Byte-Pushkar Singh Dhami#####

জাতীয় মানবাধিকার কমিশনের পক্ষ থেকে এঞ্জেল চাকমার হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কমিশন এই ঘটনা সম্পর্কে উত্তরাখন্ডের মুখ্যসচিব এবং পুলিশের মহানির্দেশকের কাছে বিস্তারিত রিপোর্ট চেয়েছে। ন্যাশনাল কমিশন ফর সিডিউল্ড ট্রাইব এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে উত্তরাখন্ডের পুলিশের মহানির্দেশক দেবাদুনের জেলাশাসক এবং পুলিশ সুপারের কাছে বিস্তারিত রিপোর্ট চেয়েছে। অল ইন্ডিয়া চাকমা স্টুডেন্টস ইউনিয়নের পক্ষ থেকেও এই ঘনীর সূষ্ঠ তদন্ত চাওয়া হয়েছে।

এদিকে, আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, শ্রমমন্ত্রী টিংকু রায় ও শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা আজ সকালে পেঁচারখল ব্লকের মাছমারার জনার্দনপাড়ায় এঞ্জেল চাকমার বাড়িতে যান ও তার শোকসন্তপ্ত পরিবার পরিজনদের সমবেদনা জানান।

ভারা রাজ্য সরকারের পক্ষ থেকে এককালীন সহায়তা হিসাবে পাঁচ লক্ষ টাকার চেক প্রয়াতের মা গণিনীতা চাকমার হাতে তুলে দেন। তাছাড়া উত্তরাখণ্ড সরকারের পক্ষ থেকে প্রদত্ত ৪ লক্ষ ১২ হাজার ৫০০ টাকার চেক ও উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুস্কর সিং ধামির প্রেরিত শোকবার্তা এঞ্জেল চাকমার পরিবারের হাতে তুলে দেন। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী টিংকু রায় বলেন, নিহত ছাত্র এঞ্জেল চাকমার উপর আক্রমণের ঘটনা অত্যন্ত মর্মান্তিক। রাজ্য সরকার সর্বদা নিহত এঞ্জেল চাকমার পরিবারের পাশে থাকবে বলে তিনি আশ্বাস দেন।

#####Byte-Tinku Roy#####

\*\*\*\*\*

G Ram G :

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বলেছেন যে সংসদ বর্তমান চাহিদা মাথায় রেখে এবং পূর্ববর্তী মনরেগা প্রকল্পের ত্রুটিগুলি দূর করার জন্য "বিকশিত ভারত - রোজগার এবং আজীবিকা মিশন (গ্রামীণ): বিকশিত ভারত - জি রাম জি বিল" পাস করেছে। তিনি আজ ভোপালে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি বলেন, বিকশিত ভারত - রোজগারের জন্য গ্যারান্টি এবং আজীবিকা মিশন (গ্রামীণ) প্রধানমন্ত্রীর গতিশক্তি উদ্যোগের সাথে যুক্ত করা হয়েছে যাতে এটি আরও কার্যকর হয়। তিনি বলেন যে এই মিশনে বেকার ভাতার জন্য একটি স্পষ্ট বিধান রয়েছে এবং আইনের অধীনে প্রয়োজনীয় আর্থিক ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

\*\*\*\*\*

#### **CM-Jackson Gate :**

রাজ্যের ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণের লক্ষ্যে রাজ্য সরকার আগরতলা জ্যাকসন গেট এলাকায় নতুন করে রাজ্য স্মৃতি বিজরিত একটি গেট নির্মাণের উদ্যোগ নিয়েছে। আজ আগরতলার জ্যাকসন গেট এলাকা পরিদর্শন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নিয়ে প্রস্তাবিত নতুন ভাবে জেকশন গেট নির্মাণের নকশা ও পরিকল্পনা খতিয়ে দেখেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, অতীতের জ্যাকসন গেইটের স্মৃতিবিজড়িত স্থাপনা নতুন প্রজন্মের কাছে তুলে ধরাই এই উদ্যোগের মূল লক্ষ্য।

\*\*\*\*\*

#### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বর্তমানে ১ লক্ষ ৮ হাজার লাখপতি দিদি রয়েছেন, এর মধ্যে মোহনপুরে লাখপতি দিদির সংখ্যা ১ হাজার ৫২৩ জন। আজ মোহনপুর আরডি ব্লকে অনুষ্ঠিত “নয়া চেতনা জাতীয় অভিযান চতুর্থ পর্যায়ে অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ‘নয়া চেতনা’ মানে নতুন চিন্তা, নতুন পদক্ষেপ, নতুন দিশা, নতুন স্বপ্ন।

গ্রামীণ ভারতের নারীদের নিরাপত্তা এবং তাদের অর্থনৈতিক উন্নয়নের মতো বিষয়গুলোর প্রতি মনোযোগ দিয়ে নয়া চেতনার সূচনা করা হয়েছে।

\*\*\*\*\*

#### **TBSE–Press Meet :**

শিক্ষাক্ষেত্রে পাঁচ দশকের গৌরবময় যাত্রা পূর্ণ করে স্বর্ণজয়ন্তী উদযাপন করবে ত্রিপুরা বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন। এই উপলক্ষে আগরতলার নজরুল কলাক্ষেত্রে আগামী পয়লা জানুয়ারি বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হবে। শিক্ষা, সংস্কৃতি ও ঐতিহ্যের মেলবন্ধনে সারাদিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপিত হবে এই ঐতিহাসিক মুহূর্ত। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। আজ সাংবাদিক সম্মেলনে বোর্ডের সভাপতি ডঃ ধনঞ্জয় গণচৌধুরী একথা জানিয়েছেন। তিনি জানান, এই অনুষ্ঠানে কয়েকজন মেধাবী ছাত্রীকে ইন্দিরা ভট্টাচার্য স্মৃতি পুরস্কার প্রদান করা হবে।

\*\*\*\*\*

#### **Extremist Arrest :**

ত্রিপুরা পুলিশ, আসাম পুলিশ ও অন্যান্য সহযোগী ইউনিটের যৌথ অভিযানে আজ আগরতলার জয়পুর এলাকা থেকে বাংলাদেশভিত্তিক জঙ্গিগোষ্ঠী ইমাম মাহমুদে কাফেলা-র জাগির মিয়া নামে এক সক্রিয় সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, “ইমাম মাহমুদে কাফেলা” নিষিদ্ধ জঙ্গিগোষ্ঠী জে.এম.বি অর্থাৎ জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশের একটি শাখা হিসেবে কাজ করে। পুলিশ জানিয়েছে, ধৃতকে জিজ্ঞাসাবাদ চলছে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PM-Year Ending Programme :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত ব্যাপক সংস্কারের মাধ্যমে বিশ্বব্যাপী নজর কেড়েছে। বিশ্ব আজ ভারতকে আশা ও আত্মবিশ্বাসের চোখে দেখছে। সামাজিক মাধ্যমে আজ প্রধানমন্ত্রী জানান, দেশের পরবর্তী প্রজন্মের সংস্কারের মাধ্যমে অগ্রগতির গতি আরও স্বরাস্ত্রিত হওয়ায় বিশ্ব তার স্বীকৃতি দিচ্ছে। তিনি বলেন, ২০২৫ সাল ভারতের জন্য সংস্কারের এক স্মরণীয় বছর হিসেবে বিবেচিত হবে, কারণ এই বছরে বিভিন্ন ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন দেখা গেছে, যা দেশের বিকাশযাত্রায় গতি এনেছে। সরকার প্রতিষ্ঠানগুলিকে আধুনিক করেছে, শাসনব্যবস্থা সরলীকরণ করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

\*\*\*\*\*

### **Special Story-Ayodhya to UNESCO :**

২০২৫ তুলে ধরেছে ভারতের আধ্যাত্মিক ও সাংস্কৃতিক শক্তিকে। বিগত এক দশকের বেশি সময়ে প্রতিটি পদক্ষেপে গড়ে উঠেছে সাংস্কৃতিক অবয়ব। সভ্যতার সৌন্দর্য। ভারতের সেই বহুমাত্রিক আত্মবিশ্বাসী উত্থানের জন্য গোটা দুনিয়া যেন তৈরী ছিল না। এক কথায় গোটা দুনিয়াকে অবাক করে চলতি বছরের বিভিন্ন পদক্ষেপ ভারতের ঐতিহ্যকে বিশ্বজনীন

প্রতিষ্ঠানের স্বীকৃতির জায়গায় পৌঁছে দিয়েছে ২০২৫। এনিয়ে শুনুন একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

### **Khaleda Jia :**

প্রয়াত হলেন বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া। আজ সকালে ঢাকায় একটি বেসরকারী হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, বাংলাদেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসেবে বাংলাদেশের উন্নয়নে তার গুরুত্বপূর্ণ অবদান, সেইসঙ্গে ভারত ও বাংলাদেশ সম্পর্কের ক্ষেত্রেও তার ইতিবাচক ভূমিকা সর্বদা স্মরণীয় হয়ে থাকবে।

\*\*\*\*\*

### **Women Football :**

ভারতরত্ন প্রয়াত প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং-এর জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মহিলা ফুটবল প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। বক্তব্যে তিনি এই ধরনের উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। মোট আটটি জেলা দল এই আসরে অংশ নিয়েছে। প্রথম দিনে আজ তিনটি খেলায় ধলাই জেলা ৩-১ গোলে দক্ষিণ জেলাকে, সিপাহীজলা জেলা ৪-০ গোলে খোয়াই জেলাকে এবং উত্তর জেলা ৭-২ গোলে পশ্চিম জেলাকে পরাজিত করে। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন এই আসরের উদ্যোক্তা।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*